# ‘ককরোচ’ মিছিলে ২৫০০ দাগি অপরাধী



**নয়াদিল্লি, ২৫ জুলাই:** আন্দোলনের নামে এ যেন গুন্ডামি। দিল্লিতে ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র মিছিলে উপস্থিত হয়েছে আড়াই হাজারেরও বেশি দাগি অপরাধী। দিল্লি পুলিশের একটি সূত্র মারফত এমনটাই জানা গিয়েছে। শুধু তাই নয়, ছুরি এবং ধারালো অস্ত্র নিয়ে পুলিশের উপর তারা হামলা চালিয়েছে বলেও অভিযোগ।

পুলিশ সূত্রে খবর, মুখ চিহ্নিতকরণ ব্যবস্থাকে কাজে লাগিয়ে ইতিমধ্যেই ২১ জুলাই থেকে ২৩ জুলাইয়ের মধ্যে ২৫০০ জনকে শনাক্ত করা হয়েছে, যাঁদের অপরাধের ইতিহাস রয়েছে। ২০ জুলাই যে ভাবে উত্তপ্ত হয়ে উঠেছিল যন্তর মন্তর, যে বিশৃঙ্খল পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছিল, সেই পরিস্থিতির কথা মাথায় রেখেই হামলাকারীদের চিহ্নিতকরণের ব্যবস্থা করল দিল্লি পুলিশ।

পুলিশের দাবি, প্রতিবাদের ভিড়ে বহু দুষ্কৃতী ঢুকে পড়েছিল। পুলিশকর্মীদের উপর তারা ছুরি এবং ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। আড়াই হাজারেরও বেশি এ রকম হামলাকারীকে গত তিন দিনের মধ্যে চিহ্নিত করা হয়েছে। সূত্রের খবর, প্রতিবাদস্থলের মূল প্রবেশদ্বার এবং বেরোনোর পথে ‘মুখ চিহ্নিতকরণ’ ব্যবস্থা বসানো হয়েছে। এ ছাড়াও প্রতিবাদস্থলের আশপাশে আরও দু’টি এই ব্যবস্থা মোতায়েন করা হয়েছে। যা সরাসরি দিল্লি পুলিশের ডেটাবেসের সঙ্গে সংযুক্ত।

ভিড়ের মাঝে কোনও দাগি অপরাধী বা অপরাধের ইতিহাস রয়েছে এমন কেউ ঢুকে পড়ে অশান্তি পাকানোর চেষ্টা করছেন কি না, সব কিছু নজরদারি চালানো হচ্ছে ওই এফআরএস-এর মাধ্যমে। এখনও পর্যন্ত ১৫টি এফআইআর দায়ের দায়ের করেছে দিল্লি পুলিশ। সরকারি সম্পত্তি ভাঙচুর এবং পুলিশের উপর হামলায় কারা জড়িত ছিলেন, তাঁদেরও চিহ্নিত করার কাজ চলছে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, নিট প্রশ্ন ফাঁসের প্রতিবাদে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে দিল্লির যন্তর মন্তরে প্রতিবাদ কর্মসূচি শুরু করে ‘ককরোচ’রা। তাঁদের একাধিক দাবি থাকলেও শিক্ষামন্ত্রীর ইস্তফার দাবি ছিল প্রধান।

তাঁদের এই কর্মসূচিতে যোগ দেন পরিবেশকর্মী তথা শিক্ষাবিদ সোনম ওয়াংচুক। ধীরে ধীরে রাজধানীর বুকে এই আন্দোলন বড়সড় বিদ্রোহের রূপ নেয়। এই পরিস্থিতিতে আন্দোলনকারীদের অধিকাংশ দাবি মেনে নেয় কেন্দ্র। শনিবার ইস্তফা দেন ধর্মেন্দ্রও। জানা গিয়েছে, নিজের ইস্তফাপত্র প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে পাঠিয়ে দিয়েছেন তিনি।

# তরুণদেরকে বুঝতে হবে, নির্দেশ নয়, আলোচনা জরুরি: ভাগবত



**নয়াদিল্লি, ২৫ জুলাই:** আজকের তরুণ প্রজন্ম বিভ্রান্ত বা দিশাহীন নয়। ওদের বুঝতে গেলে নির্দেশ না দিয়ে আলোচনার মাধ্যমে বিষয় মিটিয়ে ফেলা উচিত। ছাত্র আন্দোলনে যখন দেশ ফুটছে, সেই আবহে সংঘপ্রধান মোহন ভাগবতের এই মন্তব্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে।

নিটের প্রশ্নফাঁস এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর ইস্তফার দাবিতে দিল্লি যন্তর মন্তর থেকে দেশের নানা প্রান্তে ছাত্র আন্দোলন ছড়িয়েছে। শিক্ষা ব্যবস্থা নিয়ে যখন মোদী সরকারকে তরুণ প্রজন্ম কাঠগড়ায় তুলছে, সেই সময় রাষ্ট্রীয় স্বয়ংসেবক (আরএসএস) প্রধান বার্তা দিলেন আজকের তরুণ প্রজন্মকে বোঝার চেষ্টা করতে হবে। এই নতুন প্রজন্ম প্রশ্ন করতে জানে। ধমকে বা নির্দেশ দিয়ে নয়, স্নেহ দিয়ে ওদের সেই প্রশ্নের উত্তর দিতে হবে। ‘বিশ্ব মঙ্গল্য সভা’ নামে একটি অনুষ্ঠানে গিয়ে এই বার্তাই দিয়েছেন ভাগবত। তাৎপর্যপূর্ণ ভাবে তাঁর এই মন্তব্যের কিছুক্ষণ পরেই কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন ধর্মেন্দ্র প্রধান।

আগের প্রজন্মের সঙ্গে বর্তমান প্রজন্মের একটা বিস্তর ফারাক তৈরি হচ্ছে। ফলে অনেক সমস্যা তৈরি হচ্ছে বলেও মনে করেন ভাগবত। তিনি বলেন, ‘আজকের প্রজন্ম প্রশ্ন করতে জানে। তাই অভিভাবক এবং বয়োজ্যেষ্ঠদের উচিত তাঁদের সঙ্গে নিরন্তর আলোচনা চালানো। ওদের মনকে বোঝার চেষ্টা করা।’ একই সঙ্গে তিনি উদ্বেগ প্রকাশ করেছেন যে, বর্তমানে পরিবারের সদস্যদের মধ্যেই পারস্পরিক কথোপকথনের পরিসর কমে আসছে। সংঘপ্রধানের কথায়, ‘নতুন প্রজন্ম প্রশ্ন করে। যুক্তি দিয়ে সেই প্রশ্নের ব্যাখ্যা দিতে হবে। পাশাপাশি ওদের স্নেহ করতে হবে। ওদের সঙ্গে সময় কাটাতে হবে। ওদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।’ তাঁর মতে মতুন প্রজন্মের মন জিততে গেলে নির্দেশ নয়, তাদের সঙ্গে আলোচনা জরুরি। নতুন প্রজন্মকে নিয়ে এ সব কথা বললেও যন্তর মন্তরে ছাত্র আন্দোলন নিয়ে সরাসরি কিছু বলেননি।

## ময়দান

# সাহালের গোলে ডার্বি জয় বাগানের



**নিজস্ব প্রতিবেদন:** শনিবারের যুবভারতীতে মরশুম শুরু হল কলকাতা ডার্বি দিয়ে। ইস্টবেঙ্গল বনাম মোহনবাগান মেগা ডার্বি ম্যাচ দিয়ে ডুরান্ড কাপের সূচনা হল। ইস্টবেঙ্গলকে ১-০ গোলে হারাল মোহনবাগান। সাহাল আধুল সামাদের গোলে ডার্বি জয় সবুজ-মেরুন ব্রিগেডের। লাল-হলুদ হেড স্যার অ্যান্তোনিও লোপেজ হাবাস যেন একটু কম ঝুঁকি নিলেন ডার্বিতে। পরিকল্পনা অনুযায়ী খেলে তিন পয়েন্ট নিয়ে মাঠ ছাড়লেন বাগানের নয়া হেড কোচ পানাগিওটিস ডিলমপেরিস। শেষের দিকে বিশাল কাইথের তালুবন্দি হল ইস্টবেঙ্গলের একের পর এক আক্রমণ। যুবভারতীতে ডার্বিতে দু’ দলই বিদেশিহীন প্রথম একাদশ সাজিয়ে নেমেছিল। ম্যাচের শুরুর ২০ মিনিট দু-দলের তরফ থেকেই বিশেষ আক্রমণ দেখা যায়নি। ২৪ মিনিটে মোহনবাগানের আক্রমণ, বক্সের ভিতর সাহালের শট জিকসনের হাতে লাগে, স্পষ্ট হ্যান্ড বল। তবে ফাউল না-দিয়ে রেফারি খেলা চালিয়ে যান। ২৭ মিনিটে এবার আক্রমণে ওঠে ইস্টবেঙ্গল। ডেভিড লালহানসাঙ্গার শট রাহুল ভেকে বাঁচিয়ে দেন। খানিক পরেই আপুইয়াকে ফাউল করেন ইস্টবেঙ্গলের উইঙ্গার এডমুন্ড লালরিনডিকা, হলুদ কার্ড দেখান। দ্বিতীয়ার্ধে খেলার গতি বাড়ে। ৫২ মিনিটে সাহাল আধুল সামাদ বড় ম্যাচের ডেডলক ভাঙেন। ডানদিক থেকে কিয়ানের মাইনাস এবং মনবীরের ফলস, গোল করে গেলেন সাহাল।

## শ্রেয়সের জয়যাত্রা

**নিজস্ব প্রতিবেদন:** প্রথম ম্যাচে জয় পাওয়ার পর দ্বিতীয় টি-টোয়েন্টিতেও দুর্দান্ত পারফরম্যান্স করল ভারত। ব্যাট হাতে ঈশান কিষান ও তিলক বর্মার ঝোড়ো ইনিংস, তার সঙ্গে নিয়ন্ত্রিত বোলিং; সব মিলিয়ে ৯০ রানের বিশাল ব্যবধানে জিতে তিন ম্যাচের সিরিজ নিজেদের দখলে নিল ভারত। এই সফরে প্রধান কোচ গৌতম গম্ভীরের পরিবর্তে দলের দায়িত্ব সামলাচ্ছেন ভিভিএস লক্ষ্মণ। তরুণ ক্রিকেটারদের সুযোগ দিলেও দল নিয়ে অতিরিক্ত পরীক্ষানিরীক্ষার পথে হাঁটছেন না তিনি। দ্বিতীয় ম্যাচে একমাত্র পরিবর্তন হিসেবে অশোক শর্মার জায়গায় সুযোগ পান যশ ঠাকুর। সেই সিদ্ধান্তও সঠিক প্রমাণিত হয় ম্যাচের শেষে।

## শতাব্দীপ্রাচীন দুই ক্লাবের হাজার হাজার সদস্য ও অফিসিয়াল বঞ্চিত

# টিকিট না পেয়ে ক্লাবেই ডার্বি দেখলেন দুই প্রধানের কর্তারা





*নীরবে বয়কট! টিকিট বঞ্চনার প্রতিবাদে যুবভারতী বয়কট করে ক্লাব তাঁবুতেই টিভিতে মোহনবাগান- ইস্টবেঙ্গল ডার্বি দেখলেন দুই প্রধানের কর্তারা।*

**শম্ভুনাথ ভৌমিক**

ডুরান্ড কাপের কলকাতা ডার্বি। মরশুমের প্রথম। দুই কোচের পরীক্ষা। সব নিয়ে মাঠে বসে বিশ্বকাপের পর খেলা উপভোগের আশা করেছিলেন মোহনবাগান-ইস্টবেঙ্গল দুই ক্লাবের কর্তারা। কিন্তু সে’গুড়ে বালি। ডুরান্ড কর্তৃপক্ষ ডার্বির আগে তাদের সঙ্গে সৌজন্য সভাটুকুও করেনি। ফলে, কত টিকিট চাই সেই দাবিও জানাতে পারেননি দুই প্রধানের কর্তারা। ডুরান্ডের ডার্বির টিকিট নিয়ে এই ঝামেলা নতুন নয়। অতীতেও এমন ঘটনা ঘটেছে। এবারও প্রয়োজনীয় টিকিট না পাওয়ায় সদস্য ও অফিসিয়ালদের মাঠে নিয়ে যেতে পারেনি দুই ক্লাব। শনিবারের ডার্বিতে প্রতিবাদস্বরূপ যুবভারতী যাননি দুই ক্লাবের শীর্ষ কর্তারা। নিজেদের ক্লাব তাঁবুতেই টিভিতে ম্যাচ দেখেন তাঁরা। মোহনবাগান সভাপতি দেবাশিস দত্তের অভিযোগ, ডুরান্ড কর্তৃপক্ষ কোনও বৈঠক করেনি, প্রয়োজনীয় টিকিট, এনওসি বা পার্কিংয়ের ব্যবস্থাও করেনি। যা ছিল নামমাত্র। ফলে হাজার হাজার সদস্য, কর্মকর্তা ডার্বি থেকে বঞ্চিত হয়েছেন। সদস্যদের বঞ্চিত রেখে নিজেরা মাঠে না যাওয়ার সিদ্ধান্ত নেয় মোহনবাগান। একই পথে হাঁটে ইস্টবেঙ্গলও। ক্লাবের শীর্ষকর্তা দেবব্রত সরকারসহ বাকি কর্তারাও ক্লাব তাঁবুতেই খেলা দেখেন। ফলে মাঠের লড়াইয়ের পাশাপাশি টিকিট বিতর্কও ডুরান্ড ডার্বির অন্যতম বড় আলোচনার বিষয় হয়ে উঠেছে। *ছবি: বিজয়া নাগ*

## রুশ জলসীমায় বাণিজ্যতরীতে হামলা

# মৃত ভারতীয় নাবিক, কড়া নিন্দা নয়াদিল্লির



**নয়াদিল্লি, ২৫ জুলাই:** যুদ্ধের বলি ভারতীয়রা! এবার কৃষ্ণ সাগরে রুশ জলসীমায় বাণিজ্যতরীতে হামলা। মৃত্যু এক ভারতীয় নাবিকের। গোটা ঘটনার কড়া নিন্দা জানিয়েছে নয়াদিল্লি। ভারতীয় নাবিকের মৃত্যুর ঘটনায় শোকপ্রকাশ করেছে বিদেশ মন্ত্রক। শুধু তাই নয়, হামলার কড়া নিন্দাও করেছে তারা। একটি বিবৃতিতে বিদেশ মন্ত্রক লিখেছে, ‘গত ১৮ জুলাই কৃষ্ণ সাগরের উপর দিয়ে যাওয়ার সময় জাহাজটি হামলার শিকার হয়। নিহত হয়েছেন এক ভারতীয় নাবিক। এই ঘটনায় আমরা শোকাহত।’ বিদেশ মন্ত্রক আরও লেখে, ‘বাণিজ্যিক জাহাজ লক্ষ্য করে হামলা চালানো এবং নিরীহ নাবিকদের জীবন ঝুঁকির মুখে ফেলার মতো কর্মকাণ্ডের কড়া নিন্দা জানায় ভারত। নৌ-চলাচলের স্বাধীনতা ও আন্তর্জাতিক বাণিজ্য ক্রমবর্ধমান হুমকির মুখে পড়ছে, এটি অত্যন্ত উদ্বেগের বিষয়।’

জানা গিয়েছে, জাহাজটির নাম ‘এমভি ওমোরফি’। গত শনিবার রুশ জলসীমায় থাকাকালীন বাণিজ্যতরীটিতে আছড়ে পড়ে ক্ষেপণাস্ত্র। সাগরেই দাউ দাউ করে জ্বলতে থাকে জাহাজটি। বাণিজ্যতরীটিতে মোট ১০ জন নাবিক ছিলেন। তার মধ্যে ৩ জন ভারতীয়। ভয়ংকর এই ঘটনায় মৃত্যু হয়েছে এক ভারতীয়র। বাকি দু’জনের কোনও ক্ষতি হয়নি। কিন্তু কে বা কারা জাহাজটিতে হামলা চালাল, তা এখনও স্পষ্ট নয়। হামলার জেরে ক্ষতিগ্রস্ত হয়েছে বাণিজ্যতরীটি। তবে মৃতের নাম-পরিচয় এখনও প্রকাশ করা হয়নি।

# বিহার থেকে গ্রেপ্তার মহারাষ্ট্রে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের মূল অভিযুক্ত



**পাটনা, ২৫ জুলাই:** দেশ জুড়ে নিটের প্রশ্নপত্র ফাঁস এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে ককরোচ জনতা পার্টি (সিজেপি) এবং পড়ুয়াদের আন্দোলনের আবহেই এক সরকারি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ‘মূল অভিযুক্ত’কে গ্রেপ্তারির খবর প্রকাশ্যে এল। ধৃতের নাম বিজেন্দ্র গুপ্ত। তাঁকে বিহার থেকে গ্রেপ্তার করেছে মহারাষ্ট্র পুলিশ।

মহারাষ্ট্রে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠার পর থেকেই পালিয়ে বেড়াচ্ছিলেন বিজেন্দ্র। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে তাঁর স্ত্রী-সহ কয়েক জনকে আগেই গ্রেপ্তার করেছিল পুলিশ। কিন্তু বিজেন্দ্রের হদিস মিলছিল না। তাঁর খোঁজে বিশেষ দল গঠন করে তল্লাশি জারি রেখেছিল পুলিশ। অবেশেষে গোপন সূত্রে খবর পেয়ে বিহার থেকে গ্রেপ্তার করা হল প্রশ্নপত্র ফাঁসের এই ‘মাথা’কে।

সংবাদসংস্থা এএনআই জানিয়েছে, বিজেন্দ্রকে পুণেতে নিয়ে যাওয়া হয়েছে। সেখান থেকে ভিবন্ডীতে নিয়ে যাওয়া হবে। গত ৫ জুলাই মহারাষ্ট্র পুলিশের সিট প্রশ্নফাঁসের মামলায় আগরার একটি প্রিন্টিং প্রেসের তিন কর্মীকে গ্রেপ্তার করে। ধৃতেরা হলেন নরেশকুমার মহোরে, সঞ্জয়কুমার সুরেশচন্দ্র চন্দ্র এবং বাবুলাল নারায়ণসিংহ কুশওয়াহা। এই নিয়ে এই ঘটনায় ১০ জন গ্রেপ্তার হয়েছেন। পুলিশ সূত্রে খবর, ছাপাখানা থেকে প্রশ্ন ফাঁস করেন মহোরে। তার পর সেটি চলে যায় সঞ্জয়কুমার শর্মা নামে ওই ছাপাখানার প্রাক্তন কর্মী এবং আরও এক অভিযুক্ত সোনু কুমারের কাছে। এই দু’জন বিজেন্দ্রকে প্রশ্নপত্র সরবরাহ করেন।

সূত্রের খবর, শুধু মহারাষ্ট্র শিক্ষক নিয়োগের পরীক্ষার প্রশ্নপত্রই নয়, দেশ জুড়ে বহু সরকারি পরীক্ষার প্রশ্নফাঁসের সঙ্গে বিজেন্দ্র জড়িয়ে রয়েছেন বলে তদন্তকারীদের সন্দেহ। ওই সূত্রের দাবি, প্রশ্নফাঁসের সিন্ডিকেট চালাতেন বিজেন্দ্র। তিনি বিহারে রয়েছেন, এই খবর পাওয়ামাত্রই পুলিশের একটি দল সেখানে পৌঁছোয়। কিন্তু রাজ্যের বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালানোর পরেও হদিস পাওয়া যাচ্ছিল না। তবে স্থানীয় পুলিশ এবং বেশ কয়েকটি সূত্র মারফত খবর পেয়ে হাতেনাতে ধরা হয় বিজেন্দ্রকে। এই অভিযানে বিজেন্দ্রের সঙ্গে আরও এক অভিযুক্তকেও গ্রেপ্তার করা হয়েছে।

Office of the
Herambagopalpur
Gram Panchayat,
Patharpratima Block,
South 24 Parganas,
NOTICE INVITINGTENDER
Online e-Tender is invited from the bonafide & successful agencies as per criteriamentioned in the tender website.- https://wbtenders.gov.in NIT No– 26/260XVFC–UNTIED/ NIT/HGP/2026 Dt–21.07.2026 (Fund-: XVFC–UNTIED), 27/261XVFC–TIED/NIT/ HGP/ 2026, Dt – 21.07.2026 (Fund - XVFC TIED), 28/262XVFC TIED/NIT/ HGP/ 2026, Dt – 21.07.2026 (Fund -: XVFC–TIED), 29/263XVFC TIED/NIT/ HGP/2026 , Dt – 21.07.2026 (Fund -: XVFC–TIED, 30/264XVFC–UNTIED/ NIT/HGP/ 2026, Dt – 21.07.2026 (Fund -: XVFC–UNTIED), 31/265XVTIED/ NIT/ HGP/2026, Dt–21.07.2026 (Fund-: XVFC–TIED), 32/266XVFC–UNTIED/NIT/ HGP/ 2026, 26/260XVFC– UNTIED/ NIT/ HGP/ 2026 to Dt–21.07.2026 (Fund-: XVFC–UNTIED), 26/ 260XV FC–UNTIED/NIT/ HGP/2026 to Dt–21.07.2026 (Fund -: XVFC–UNTIED), Dt– 21.07.2026 (Fund-: XVFC – UNTIED),
Last date of bid submission - 01.08.2026,
Date of opening- 03.08.2026.
For details Pl. contact the Office of the Herambagopalpur Gram Panchayat, South 24 Parganas.
Sd/- Pradhan
Herambagopalpur G.P.

GOVERNMENT OF WEST BENGAL
CORRIGENDUM FOR e-TENDER
Due to no bidder, the last date of Submission of Bids of this office e-Tender against Ref. no- WBPWD/EE-WKED/NIT-29/2026-27; Tender ID-2026_WBPWD_5016408_1 is hereby extended up to 03/08/2026 upto 1:00 PM.; Website:-tenders.wb.gov.in Sd/- Executive Engineer-I, PWD, West Kolkata Electrical Division, 4th floor, C-Block, New Sectt. Bldg, 1, K.S. Roy Road, Kol-01.
ICA- T13436(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
CORRIGENDUM FOR e-TENDER NOTICE
Due to non-availability of minimum bidders, the last date of Submission of Bids of this office e-Tender against Ref. no- WBPWD/EE-WKED/NIT-28/2026-27; Tender ID-2026_WBPWD_5016415_1 is hereby extended up to 03/08/2026 up to 1:00 P.M. Website: tenders.wb.gov.in Sd/- Executive Engineer-I, PWD, West Kolkata Electrical Division, 4th floor, C-Block, New Sectt. Bldg, 1, K.S. Roy Road, Kol-01.
ICA- T13440(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Assistant Engineer North Kolkata Health Electrical Sub-Division, P.W.D, invite online e-Tender for the work of “Strengthening of Fire Safety Measures through Relocation of Existing AC Outdoor Units to Properly Ventilated Areas, including Allied Electrical Works, at GB-7 and GB-2 of ID & BG Hospital, Kolkata.” WBPWD/AE/NKHESD/NIQ-35/Q of 26-27. Tender ID : 2026_WBPWD_5017374_1. Bid Submission Closing date (Online) : 04.08.2026. Details of NIT & tender documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/- ASSISTANT ENGINEER, P.W.D. NORTH KOLKATA HEALTH ELECTRICAL SUB DIVISION.
ICA- T13447(1)/2026

Office of the Block
Development Office
Sagardighi :: Murshidabad.
NOTICE INVITING e-Tender
e-tender are invited through online bid system under following tender(NIeT) No:- 18/EN/SB/2025-2026(2nd call), (BCW) (Sl No 01 to 02) Dated:- 22/07/2026.
The last date of online submission of tender is 05/08/2026 upto 14:00 hours.
For details please visit website: http://wbtenders.gov.in
SD/-Block Development Officer
Sagardighi, Murshidabad

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Assistant Engineer North Kolkata Health Electrical Sub-Division, P.W.D, invite online e-Tender for the work of “Urgent Replacement of Pump Room Control Panel and Main Power Cable at BC Roy PGIPS Beliaghata Campus.” WBPWD/AE/NKHESD/NIQ- 34/Q of 26-27. Tender ID : 2026_WBPWD_5017369_1. Bid Submission Closing date (Online) : 04.08.2026. Details of NIT & tender documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/- ASSISTANT ENGINEER, P.W.D, NORTH KOLKATA HEALTH ELECTRICAL SUB DIVISION.
ICA- T13427(1)/2026

Office of the
Herambagopalpur
Gram Panchayat,
Patharpratima Block,
South 24 Parganas,
NOTICE INVITINGTENDER
Online e-Tender is invited from the bonafide & successful agencies as per criteriamentioned in the tender website.- https://wbtenders.gov.in NIT No– 25/255XVFC–UNTIED/ NIT/HGP/2026, Dt–17.07.2026 (Fund-: XVFC–UNTIED)
Last date of bid submission- 28.07.2026,
Date of opening - 30.07.2026.
For details Pl. contact the Office of the Herambagopalpur Gram Panchayat, South 24 Parganas.
Sd/- Pradhan
Herambagopalpur G.P.

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
AE/RGKARESD/P.W.Dte. invites online e-tender for the work “Annual comprehensive maintenance of one no. 12 body Mortuary cooler system and two nos. 6 body Mortuary cooler system at Anatomy Department of RGKAR MC&H” e-N.I.Q No.: 39/Q of 26-27. Tender Id: 2026_WBPWD_5017379_1. Bid Submission Start: 25/07/2026. Bid Submission Closing: 07/08/2026 upto 4:00 PM. Corrigendum if any will be Published in website only. Details of NIT and Tender Documents may be download from https://tenders.wb.gov.in Sd/-Assistant Engineer, P.W.Dte. R.G.Kar Electrical Sub-Division.
ICA- T13430(1)/2026

OFFICE OF THE PRINCIPAL
DEBRA THANA SAHID KSHUDIRAM SMRITI MAHAVIDYALAYA (AUTONOMOUS)
Re-Accredited by NAAC with Grade "A" (2nd Cycle)
(Affiliated to Vidyasagar University)
Vill-Gangaram Chak, P.O. - Chakshyampur
Dist- Paschim Medinipur,
PIN-721124 West Bengal India Mob: 9733846160 (Principal)
E-mail: principaldebra@gmail.com Website: www.debracollege.ac.in
Notice Inviting Tender for College canteen
Tender No- dtsksm/NIT81/26 dated: 27-07-2027
Sealed quotations are hereby invited from suitable companies/agencies etc, with Food License other necessary documents, suitable credentials for running the college canteen. Attach suitable credentials for last 5 years. Interested bidders to fill up the rate chart given in college website www.debracollege.ac.in.
Tenders to be deposited in Tender Box kept in Principal's office.
Last Date of Submission of Tender: 06-08-2026 (2 pm)
Date and Time of Opening of Tender: 06-08-2026 (3 pm)
Interested bidders may remain present.
Dr. Rupa Dasgupta
Principal

GOVERNMENT OF WEST BENGAL
KMDA TENDER NOTICE
e-NIT No. 04/KMDA/CIVIL/EE/BPPD-I/E&AM of 2026-27
Online e-Tender is invited by The Executive Engineer, BPPD-I, E&AM Sector, KMDA, 2nd Floor, KIT Market Complex, Jadavpur, Kolkata-700032, from reliable, resourceful, bonafide, eligible firms / companies / individual / Joint Venture agencies, for the work, Name of Work, Estimated Cost, Earnest Money, Time of Completion, Widening of existing gate near the Toilet Blocks of Nazrul Mancha to facilitate movement of Fire Tender during emergency, modification of fire exit along with other allied works at Nazrul Mancha., Rs.3,72,307/-, Rs.7,447/-, 30 days, Last date & time of Online Bid Submission: 04.08.2026 Time: 16.30 hrs., for details contact the above office or visit both websites. (KMDA-303)
www.kmda.wb.gov.in
www.wbtenders.gov.in
ICA- T13412(1)/2026

OFFICE OF THE PRINCIPAL
DEBRA THANA SAHID KSHUDIRAM SMRITI MAHAVIDYALAYA (AUTONOMOUS)
Re-Accredited by NAAC with Grade "A" (2nd Cycle)
(Affiliated to Vidyasagar University)
Vill-Gangaram Chak, P.O. - Chakshyampur
Dist- Paschim Medinipur,
PIN-721124 West Bengal India Mob: 9733846160 (Principal)
E-mail: principaldebra@gmail.com Website: www.debracollege.ac.in
Notice Inviting quotation
Tender No- dtsksm/NIT80/26 dated: 25-07-2027
Sealed quotations are hereby invited from reputed contractors/agencies with suitable credentials for Construction of Concrete base for statue 4ft by 4ft, height 6 ft (Cement Ambuja/Dalmia/Ultratech), good quality granite on outer side with one stair case and 21 inches by 21 inches and 4 inches height concrete structure on top. Complete with all materials (Inclusive of all taxes). Attach suitable credentials for last 5 years. Tenders to be deposited in Tender Box kept in Principal's office.
Last Date of Submission of Tender: 05-08-2026
Date and Time of Opening of Tender: 06-08-2026 at 3 pm
Principal
Debra Thana Sahid Kshudiram
Smriti Mahavidyalaya (Autonomous)

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING QUOTATION
Online NIQ is invited by the AE, BNWSD-I, P.W.Dte., Govt. of W.B. vide NIeQ No. WBPWD/AE/BNWSD-I/NIeQ01e /2026-2027 for the works of “1. Quotation for Supplying and Installation of 80 Ltr Storage Capacity UV+CuZn Cooler cum Water Purifier with 2nos Faucets (cold+normal) and pure stainless steel aesthetic look body comply with minimum food grade stainless steel SS304 with decal (guaranteed rust free body) and minimum cooling capacity 60 Ltr per hour of Aquaguard /Blue star/ Kent or similar brand with providing compressive AMC of those machines for five years at different office floor of Bikash Bhavan Building, Salt Lake, Kol-91 during the year 2026-2027 (T/ID: 2026_WBPWD_5017363_1,”Date of bid submission starts 26/07/2026 from 06.00 P.M. Last date of bid submission 05/08/2026 upto 11.00 A.M. Intending bidders are requested to visit the website http://etender.wb.nic.in and this Office notice board. Sd/- AE, P.W.Dte., BNWSD-I.
ICA- T13431(1)/2026

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**